

ছত্রিশ বছর পর

মনজিলুর রহমান

আমার ছেলে আশিক পড়ছিল
৪ঠা জুলাই আমেরিকার স্বাধীনতা দিবস।
আমি ইন্টারনেটে বাংলা টিভি দেখছিলাম
ছেলেটি এসে আমায় জিজ্ঞেস করল বাবা ,
বাংলাদেশের স্বাধীনতা দিবস কবে ?
খানিক চুপ থেকে বললাম,
আমি জানিনা ।
পাশে বসে থাকা আমার স্ত্রী বলল,
কেন ছাব্বিসে মার্চ ।

টিভিতে সেদিন দেখছিলাম
বাংলার সৈনিক বুটের লাথি মারছে
ছাত্র যুবকের বুকে
শিক্ষককে পিঠ মোড়া দিয়ে ধরে নিয়ে যাচ্ছে
স্বাধীনতার ছত্রিশ বছর পেরিয়ে গেছে
এখনও দেখছি
সেই পাকিস্তানী কায়দায়
ছাত্র শিক্ষক সৈনিকের বুটের আঘাতে জুতা পেটা
লন্ড ভন্ড সভ্যতা এ যেন সেই একান্তরের রণক্ষেত্র ।
এ কি আমার স্বাধীন দেশ ?
কেমন করে ছেলেকে বলি
বাংলাদেশের স্বাধীন দিবস ছাব্বিসে মার্চ ।

রাজাকারের খপ্পর থেকে বাঁচতে পারেনি আজও
নব্য রাজাকারে সয়লাব ।
বাংলার স্থপতি মুজিব কন্যা কারাগারে
রাজাকারদল অন্তরালে
তারাই তার বিচার করে ।
আমি কেমন করে বলি
বাংলাদেশ শত্রু মুক্ত
একটি স্বাধীন দেশ ।

নয় মাস যুদ্ধ শেষে স্বাধীন হয়েছে দেশ
সবাই বললেও আমি বলিনা
ছত্রিশ বছর ধরে যুদ্ধ চলছে
এখনও স্বাধীন হয়নি মোরা
তাই ছেলের জিজ্ঞাসার জবাব দিতে পারিনি
ছত্রিশ বছর পর আমারও প্রশ্ন
বাংলাদেশের স্বাধীনতা দিবসটি কবে ?

আটলান্টা , জর্জিয়া
আগস্ট ৩১, ২০০৭
smrhhman@bellsouth.net